

যুগান্তর

প্রিন্ট: ২৭ জুলাই ২০২৫, ০১:৪৯ পিএম

শিক্ষাঙ্গন

ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৫ জুলাই ২০২৫, ০৬:০৩ পিএম



স্থাপিত: ১৯৬২



রাজধানীর সাতটি কলেজে নিয়ে প্রস্তাবিত ‘ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়’ বা সমমানের একটি স্বতন্ত্র প্রাতিষ্ঠানিক কাঠামোর অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ২২ আগস্ট বিকালে এবং ২৩ আগস্ট সকালে অনুষ্ঠিত হবে। বৃহস্পতিবার ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অন্তর্বর্তীকালীন প্রশাসক ও ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক এ কে এম ইলিয়াস এ তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, পরীক্ষার সময়সূচি আগে থেকেই নির্ধারিত ছিল এবং সেই অনুযায়ী পরীক্ষা আয়োজনের কার্যক্রম এগিয়ে চলেছে।

ঘোষিত সময়সূচি অনুযায়ী- ২২ আগস্ট বিকালে অনুষ্ঠিত হবে মানবিক বিভাগের পরীক্ষা। পরদিন ২৩ আগস্ট সকালে হবে বিজ্ঞান বিভাগ ও বিকালে হবে বাণিজ্য বিভাগের পরীক্ষা।

ভর্তি পরীক্ষার প্রযুক্তিগত সহায়তা দেবে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

অধ্যাপক ইলিয়াস বলেন, সভায় কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হয়েছে। তবে এখনো আসন সংখ্যা কমানো বা নম্বর বণ্টনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

তিনি আরও জানান, আগামী শনিবার ভর্তি পরীক্ষার প্রস্তুতির জন্য গঠিত কমিটির পরবর্তী সভা অনুষ্ঠিত হবে এবং এরপর ভর্তি বিজ্ঞপ্তি অনলাইনে প্রকাশ করা হবে।

ভবিষ্যৎ কার্যক্রমে সহায়ক হিসেবে একটি নতুন ওয়েবসাইট চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। এর জন্য ডোমেইন কেনা হয়েছে এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (বিটিআরসি) কারিগরি সহায়তায় ওয়েবসাইট চালুর কাজ চলছে। আপাতত সাত কলেজের জন্য বিদ্যমান একটি ওয়েবসাইট চালু রয়েছে।

উল্লেখ্য, গত ৯ জুলাই শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের মাধ্যমে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শুরুর নির্দেশনা দেওয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সাতটি সরকারি কলেজ এখন ‘ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি’ কাঠামোর আওতায় থাকবে।

এ সাতটি কলেজ হলো- ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি বাঙলা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি তিতুমীর কলেজ ও সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ।

নতুন এ উদ্যোগের ফলে সাতটি কলেজের শিক্ষার্থীরা একটি স্বতন্ত্র একাডেমিক কাঠামোর আওতায় ভর্তি ও শিক্ষাজীবন পরিচালনার সুযোগ পাবেন।

এর আগে ২০১৭ সাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ছিল এ সাত কলেজ। তবে নানা অনিয়ম ও অব্যবস্থাপনার অভিযোগ তুলে শিক্ষার্থীরা আন্দোলন করেন। আন্দোলনের পরিপ্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি বাতিল করে সাত কলেজ নিয়ে বিশ্ববিদ্যালয়ের ঘোষণা দেয় সরকার।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি থেকে মুক্তির প্রক্রিয়া শুরু হয় ২০২৪ সালের জানুয়ারিতে শিক্ষার্থীদের আন্দোলনের পর। এরপর প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের জন্য প্রথমে ‘জুলাই ৩৬ বিশ্ববিদ্যালয়’ নাম ভাবা হলেও, পরবর্তীতে শিক্ষার্থী ও সংশ্লিষ্টদের মতামতের ভিত্তিতে ‘ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি’ নামটি চূড়ান্ত করা হয়।